

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-৮ (ভোকেশনাল-৩)  
এফ-৪/বি, আগারগাঁও ঢাকা।

ওয়েব সাইড: www.techedu.gov.bd.

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.৫৭.২০১৭-৪৯

তারিখঃ ১৬/০১/২০১৭খ্রিঃ

বিষয় : নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন গোলমুন্ডা বহুমুখী উচ্চ বিদ্যালয়ের ০৪ জন শিক্ষক-কর্মচারীর এমপিও সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন গোলমুন্ডা বহুমুখী উচ্চ বিদ্যালয়ের ট্রেড ইন্সট্রাক্টর(ড্রেস মেকিং এন্ড টেইলারিং) পদে জনাব মোঃ আব্দুল হাই এবং জনাব বিশ্বজিৎ বিভাষ মিশ্র, ল্যাব এ্যাসিসটেন্ট পদে জনাব মোঃ তোহিদুল ইসলাম এবং শপ এ্যাসিসটেন্ট পদে জনাব মোঃ আব্দুল মোতালেব এর এমপিওভুক্তির জন্য আবেদন অত্র দপ্তরে জমা করেন।

২। আবেদন যাচাই-বাছাই করে ০৭/১১/২০১৬খ্রিঃ তারিখে ৩৫ তম এমপিও প্রদান সংক্রান্ত কমিটির সভায় উপস্থাপন করা হলে প্রয়োজনীয় তথ্যাদির ঘাটতি থাকায় তাদের এমপিওভুক্তিকরণের বিষয়টি বিবেচনা করা হয়নি।

৩। পরবর্তীতে ২০/১২/২০১৬খ্রিঃ তারিখে ১৮২৫/১৬ ডকেট মূলে প্রতিষ্ঠান প্রধান এমপিও সংক্রান্ত সংযুক্ত কাগজপত্র প্রেরণ করেন। আবেদনকারী ০৪ জনের নিয়োগ অবৈধ ও ভুয়া মর্মে-অত্র দপ্তরে একাধিক অভিযোগ পাওয়া যায়। আবেদনকারীদের এমপিও বিবেচনার ক্ষেত্রে নিম্ন বর্ণিত কাগজপত্রাদি যাচাই-বাছাই করে এর সঠিকতা নিশ্চিত হওয়া প্রয়োজন।

- ক) নিয়োগ সংক্রান্ত মূল রেজুলেশন বহি (০৫/০৬/২০১০ এবং ২১/০৭/২০১৬খ্রিঃ তারিখে দাখিলকৃত আবেদন সংশ্লিষ্ট)।
- খ) বোর্ড প্রতিনিধি জনাব মোঃ ফয়েজ উদ্দিন আহমদ, ইন্সট্রাক্টর (পাওয়ার), রংপুর পলিটেকনিক ইন্সটিটিউট কর্তৃক বিষয় উল্লেখ পূর্বক প্রত্যয়ন পত্র(স্বাক্ষর ও সীলসহ)।
- গ) ০২টি মূল পত্রিকার নিয়োগ বিজ্ঞপ্তির কপি।
- ঘ) আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণের মূল সনদ।
- ঙ) হালনাগাদ ম্যানেজিং কমিটির মেয়াদ সংক্রান্ত প্রমানক।

এমতাবস্থায়, এমপিও সংশ্লিষ্ট বর্ণিত মূল কাগজপত্র এবং উহার ০১(এক) সেট ফটোকপিসহ প্রতিষ্ঠান প্রধানকে আগামী ২২/০১/২০১৭খ্রিঃ তারিখে সকাল ১০:০০ ঘটিকায় অধিদপ্তরে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাক্ষরিত/-

(মোঃ মিজানুর রহমান)

যুগ্ম-সচিব

ও

পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

প্রাপকঃ  
প্রধান শিক্ষক  
গোলমুন্ডা দ্বি-মুখী উচ্চ বিদ্যালয়  
জলঢাকা, নীলফামারী

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৯১.৫৭.২০১৭-৪৯(০৬)

তারিখঃ ১৬/০১/২০১৭খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ২। উপসচিব (কারিগরি-১/২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা শিক্ষা অফিসার, নীলফামারী।
- ৪। সভাপতি, গোলমুন্ডা বহুমুখী উচ্চ বিদ্যালয়, ডাকঘরঃ গোলমুন্ডা, উপজেলাঃ গোলমুন্ডা, জেলাঃ নীলফামারী।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৬। পি.এ. টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। সংরক্ষণ নথি।

(মোহাম্মদ আতিকুর রহমান)

সহকারী পরিচালক (এমপিও)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।